

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 17-07-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Bamutia CM :

আজ বামুটিয়া ব্লকের গান্ধীগ্ৰাম উচ্চমাধ্যমিক বিদ্যালয় মাঠে নেশামুক্ত ত্ৰিপুৰা এৰং বাল্যবিবাহ প্ৰতিৰোধৰ উপৰ এক সচেতনতামূলক অনুষ্ঠানৰ আয়োজন কৰা হৈছে। অনুষ্ঠানৰ উদ্বোধন কৰবেন মুখ্যমন্ত্ৰী অধ্যাপক ডা. মানিক সাহা। উপস্থিত থাকবেন আগৰতলা পুৰনিগমৰ মেয়ৰ তথা বিধায়ক দীপক মজুমদাৰ, বিবেকনগৰ ৰামকৃষ্ণ মিশনেৰ সচিব শুভকৰানন্দ মহাৰাজ, ত্ৰিপুৰা মহিলা কমিশনেৰ চেয়াৰপাৰ্সন বৰ্ণা দেববৰ্মা, ত্ৰিপুৰা কমিশন ফৰ প্ৰোটেকশন অব চাইল্ড ৰাইটসেৰ চেয়াৰপাৰ্সন জয়ন্তী দেববৰ্মা, বামুটিয়া পঞ্চায়েত সমিতিৰ চেয়াৰম্যান দীপক কুমাৰ সিনহা, প্ৰাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস। বিশেষ অতিথি হিৰেবে উপস্থিত থাকবেন পশ্চিম ত্ৰিপুৰা জেলাৰ জেলাশাসক ও সমাহৰ্তা ডা. বিশাল কুমাৰ, পশ্চিম ত্ৰিপুৰা জেলাৰ পুলিশ সুপাৰ ড. কিৰণ কুমাৰ।

CM-Muktadhara :

মুখ্যমন্ত্ৰী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০১৮ সালে বিজেপি নেতৃত্বাধীন জোট সরকার ক্ষমতায় আসার পর থেকে গত পয়লা জুলাই পর্যন্ত সাত বছরে রাজ্য সরকার ডাই-ইন-হারনেস সহ বিভিন্ন ক্ষেত্রে ১৯ হাজার ৭৪২ জনকে নিয়মিত বেতনক্রমে চাকুরী প্ৰদান কৰেছে। আগৰতলাৰ মুক্তধাৰা প্ৰেক্ষাগৃহে গতকাল টি.পি.এস.সি-ৰ মাধ্যমে পূৰ্তদপ্তৰে নিযুক্তিপ্ৰাপ্ত বিভিন্ন স্তৰেৰ মোট ১৮৪ জন প্ৰকৌশলীকে নিয়োগপত্ৰ বিতৰনেৰ অনুষ্ঠানে তিনি একথা বলেন।

মুখ্যমন্ত্রী আরো বলেন, রাজ্য সরকার প্রধানমন্ত্রীর আদর্শে অনুপ্রাণিত হয়ে কাজ করছে।

#####Byte-CM#####

বনমন্ত্রী :

তুলাশিখর ব্লকের বাচাইবাড়ি বাজারে মৎস্য দপ্তরের উদ্যোগে গতকাল মৎস্য বাজার শেড এর উদ্বোধন করেন রাজ্যের বন, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা। তিনি বলেন বর্তমান সরকার স্বচ্ছতার সঙ্গে প্রতিটি ক্ষেত্রে উন্নয়নের কাজ করছে। চাকুরী থেকে শুরু করে কৃষি, পানীয় জল, সড়ক নির্মাণ সব ক্ষেত্রেই সঠিক পরিকল্পনায় বিভিন্ন কাজ রূপায়ন করা হচ্ছে। তিনি বলেন, গ্রামাঞ্চলের বাজার গুলিতে কৃষিজাত ও মাছজাত পণ্যের সঠিক বিপণনের জন্য বিভিন্ন প্রকল্পে মার্কেট শেড তৈরী করা হচ্ছে। তারই অঙ্গ হিসেবে বাচাইবাড়ি বাজারে এই ফিস মার্কেট শেড নির্মাণ করা হয়েছে।

Young Chef Competition :

পর্যটন মন্ত্রকের মহানির্দেশক সুমন বিল্লা ভারতের বিলুপ্তপ্রায় রন্ধনপ্রণালী ঐতিহ্য সংরক্ষণের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। তিনি বলেন যে ভারতের রন্ধনসম্পর্কীয় ঐতিহ্য সাংস্কৃতিক স্মৃতি এবং আঞ্চলিক কৌশলের ভিত্তিতে নির্মিত। নতুনদিল্লিতে জাতীয় তরুণ শেফ প্রতিযোগিতার উদ্বোধন করে, শ্রী বিল্লা এই ঐতিহ্যগুলিকে আরও শক্তিশালী করার এবং বিশ্বব্যাপী সূক্ষ্ম খাবারের জায়গায় ভারতের পদচিহ্ন প্রসারিত করার উপর জোর দিয়েছিলেন। ইন্ডিয়ান ফেডারেশন অফ কালিনারি অ্যাসোসিয়েশনস এবং ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি স্কিল কাউন্সিলের সহযোগিতায় NYCC-এর থিম "ভারতীয় রন্ধনসম্পর্কীয় ঐতিহ্য উদযাপন: ঐতিহ্যের সাথে উদ্ভাবন"। এতে ভারতজুড়ে

জোনাল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এবং আগামী বছরের জানুয়ারিতে নতুনদিল্লির IHM পুসায় একটি গ্র্যান্ড ফিনালে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, পিএইচডি চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, পর্যটন মন্ত্রকের সহযোগিতায়, জাতীয় তরুণ শেফ প্রতিযোগিতা শুরু করেছে।

Statistics Minister :

পরিসংখ্যান মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে আগামীদিনে সরকারী প্রতিষ্ঠানে কাজকর্ম অনেক সহজ হবে। বর্তমানে এআই-এর গুরুত্ব প্রত্যেক ক্ষেত্রেই বেড়ে চলেছে। গতকাল অর্থ ও পরিসংখ্যান দপ্তরের উদ্যোগে 'জেনারেটিভ এ আই ফর ইমপেক্টঃ স্মার্ট টুলস ফর স্মার্টার গভর্নেন্স' শীর্ষক তিনদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সমাপ্তি অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি পরিসংখ্যানের ক্ষেত্রে এআই-এর গুরুত্বপূর্ণ ভূমিকার উপর আলোকপাত করেন।

Kishori Utkarsha Mancha :

ধর্মনগরে উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক দু দিনের কিশোরী উৎকর্ষ মঞ্চ অনুষ্ঠানের আজ সমাপ্তি হচ্ছে। জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে গতকাল অনুষ্ঠানের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি ভবতোষ দাস। জেলার মোট ২৮টি উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করছে।

Mayor Visit :

আগরতলার লেইক চৌমুহনী বাজারে ক্ষুদ্র ব্যবসায়ীদের স্থায়ী শেডঘরের ব্যবস্থা করে দেওয়া হবে। আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার লেইক চৌমুহনী বাজার পরিদর্শনকালে গতকাল সাংবাদিকদের একথা জানান।

রাখাল শিল্ড:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব সেমিফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ৬-০ গোলে টাউন ক্লাবকে হারিয়ে দেয়। বিজয়ী দলের মিলন সিং হাটট্রিক সহ চারটি গোল করেন।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি। আজ ভোর পর্যন্ত গত ২৪ ঘন্টায় আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি হয়েছে ২ দশমিক ৪ মিলিমিটার।
